

হিব্বুত তাহরীর, বাংলাদেশ
এর প্রধান সমন্বয়কারী ও
মুখপাত্র মহিউদ্দীন আহমেদ এর
কার্যালয়

বিসমিল্লাহির রাহমানির রাহিম
তোমাদের মধ্যে যারা বিশ্বাস করে ও সং কাজ করে আল্লাহ্ তাদের এ ওয়াদা দিয়েছেন
যে, তিনি তাদের পৃথিবীতে প্রতিনিধিত্ব দান করবেন, যেরূপ পূর্ববর্তীদের দান
করেছিলেন আর তিনি অবশ্যই তাদের স্বীকৃতি, যা তিনি তাদের জন্য মনোনীত
করেছেন, সুদৃঢ় করবেন এবং তাদের ভয়-ভীতির পরিবর্তে তাদের নিরাপত্তা দান
করবেন। তারা আমার ইবাদত করবে, আমার কোন অংশী করবেনা, অতঃপর যারা
অকৃতজ্ঞ হবে তারাই ফাসেক।
[সূরা- আন নূরঃ ৫৫]



নং ১১/১৮০৯২০০৮

১৭ রমযান, ১৪২৯ হিজরী
১৮ সেপ্টেম্বর, ২০০৮ইং

প্রেস বিজ্ঞপ্তি

রাজশাহীতে অধ্যাপক ড. সৈয়দ গোলাম মাওলা (সিনিয়র উপদেষ্টা), ইঞ্জিনিয়ার আহমেদ জামাল
ইকবাল (সিনিয়র সদস্য), অধ্যাপক মামুনুর রশীদ আনসারী (কেন্দ্রীয় কমিটি সদস্য) সহ হিব্বুত
তাহরীর, বাংলাদেশ-এর ১০ জন সদস্যকে গ্রেফতারের তীব্র নিন্দা ও অবিলম্বে মুক্তি দাবি

আজ ১৮ সেপ্টেম্বর ২০০৮ বৃহস্পতিবার, রাজশাহীর প্রেস ক্লাবে একটি সংবাদ সম্মেলনে যোগ দেয়ার উদ্দেশ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. সৈয়দ গোলাম মাওলা (হিব্বুত তাহরীর বাংলাদেশ-এর সিনিয়র উপদেষ্টা), একটি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের সিনিয়র লেকচারার ইঞ্জিনিয়ার আহমেদ জামাল ইকবাল (হিব্বুত তাহরীর বাংলাদেশ-এর সিনিয়র সদস্য) ও এম.আই.এস.টি'র সহকারী অধ্যাপক মামুনুর রশীদ আনসারী (হিব্বুত তাহরীর বাংলাদেশ-এর কেন্দ্রীয় কমিটি সদস্য) সহ আরো কয়েকজন ঢাকা থেকে রাজশাহী যায়। স্থানীয় পুলিশ উক্ত সংবাদ সম্মেলন অনুষ্ঠান করতে বাধা দেয় এবং সাদা পোষাকধারী পুলিশ বিনা অভিযোগে তাদেরসহ অনুষ্ঠানে উপস্থিত হিব্বুত তাহরীর, বাংলাদেশ-এর সকলকে গ্রেফতার করে।

উল্লেখ্য যে, গত এক সপ্তাহ যাবৎ বিভিন্ন পত্রপত্রিকায় হিব্বুত তাহরীর, বাংলাদেশ-এর রাজশাহীর কার্যক্রম নিয়ে নানা রকম নেতিবাচক প্রচারণা চালিয়ে আসছিল। এই প্রসঙ্গে সরাসরি সংবাদ মাধ্যমের সাথে খোলামেলা কথা বলার উদ্দেশ্যে উক্ত সংবাদ সম্মেলন আহ্বান করা হয়েছিল। কিন্তু পুলিশ সংবাদ সম্মেলন করতে না দিয়ে তাদেরকে গ্রেফতার করে। যে সব মিডিয়া হিব্বুত তাহরীর, বাংলাদেশ সম্পর্কে অপপ্রচারে লিপ্ত তাদেরকে স্পষ্ট ভাবে জানানো যাচ্ছে যে,

- হিব্বুত তাহরীর, বাংলাদেশ কোন নিষিদ্ধ বা জঙ্গি সংগঠন নয়।
- এবং আজকের সংবাদ সম্মেলন অনুষ্ঠানস্থলে কোন লিফলেট বিতরণ করা হয়নি।

আমরা এই সব ঘটনাবলীর তীব্র নিন্দা জানাই এবং অবিলম্বে তাদের সকলের মুক্তি দাবি করছি।

Mohiuddin Ahmed

Mohiuddin Ahmed
Chief Coordinator & Spokesperson
Hizb ut-Tahrir Bangladesh

এইচ, এম, সিদ্দিক ম্যানশন (৫ম তলা)
৫৫/এ, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
Info@khilafat.org

ফ্যাক্স : +৮৮০ ২৯৫৫৮৮৫৪

www.khilafat.org

মোবাইল : +৮৮০ ১৭১৩০০৮৮২২

www.khilafah.com